

শক্ত দেয়ালের মতো পেছন থেকে সাহস দিয়েছেন বলেই...

বিনোদন ডেস্ক

প্রকাশিত : ২৩:০৫, মে ৩১, ২০২০ | সর্বশেষ আপডেট : ১৩:৪৮, জুন ০১, ২০২০

“ টিভি ব্যক্তিত্ব মোস্তফা কামাল সৈয়দ করোনাভাইরাসের কাছে পরাজয় মেনে নিলেন ৩১ মে দুপুরে। তার এই প্রস্থানে মিডিয়ায় নেমেছে শোকের ছায়া। বিটিভি থেকে এনটিভি, মোট পাঁচ দশকের সফল কর্মজীবন কাটিয়েছেন এই নন্দিতজন। পর্দার আড়ালের মানুষ হিসেবে তার অবদান আলাদা করে চোখে লাগার মতো। তাকে বলা হয় টিভি-মাধ্যমের সবচেয়ে আধুনিক মানুষ। যার আধুনিকতার ছোঁয়া লেগেছে দেশের টিভি শিল্পে। সেসব ভেবেই স্মৃতিকাতর হলেন দেশের অন্যতম অভিনেত্রী ও প্রযোজক তারিন জাহান। লিখেছেন, নিজের দেখা একজন মোস্তফা কামাল সৈয়দকে নিয়ে—



এই ইন্ডাস্ট্রিতে এমন কোনও শিল্পী, ডিরেক্টর, নাট্যকার, চিত্রগ্রাহক, প্রযোজক নেই, যার পেশাগত জীবনে আপনার অবদান নেই।

অগণিত স্মৃতি, ঘটনা, আপনাকে ঘিরে।

মনে পড়ে, ছোটবেলায় বিটিভিতে ঢুকেই দৌড়ে আপনার রুমে গিয়ে পা ছুঁয়ে সালাম করা ছিল আমার অভ্যাস। প্রতিবার আপনি মাথায় হাত দিয়ে বলতেন, ‘প্রতিবার পা ছুঁয়ে সালাম করতে হয় না, আমি এমনি দোয়া করি।’

অবুঝ কৌতূহলী মণ থেকে ছোটবেলায় যত প্রশ্ন আপনাকে করেছি, শান্তস্বরে হেসে সব প্রশ্নের উত্তর দিতেন। আমার মা খুঁজতে এসে যখনি মৃদু শাসন করতেন, আপনি বলতেন, ‘ওকে বকবেন না, আমি বিরক্ত হই না। ওর সাথে গল্প করতে ভালো লাগে। ওর জানার আগ্রহ আছে। বাচ্চাদের এসব প্রশ্নের উত্তর দেয়া উচিত। তাতে জ্ঞান বাড়ে।’

আপনার মতো করে এক্সপেরিমেন্টাল আর চ্যালেঞ্জিং চরিত্রে কাজ করার সাহস আর কে দেবে আমায়? কে পথ দেখাবে, গাইড করবে? কে উৎসাহ দেবে?

আপনি শক্ত দেয়ালের মতো পেছন থেকে সাহস দিয়েছেন বলেই আজ মিডিয়ার অনেকেই পেশাগত জীবনে আপনার কাছে ঋণী। আপনার অবদান অনস্বীকার্য।

আমার প্রযোজক হওয়ার পেছনে আপনারই অবদান। বলেছিলেন, ‘তোমরা যারা এত বছর এই ইন্ডাস্ট্রিতে কাজ করছো, তোমরা যতটা এই সেক্টর বুঝবে, বাইরের একজন সহজে ততটা বুঝবে না। ভালো কনটেন্ট, ভালো মেকিং, মানসম্মত গল্প নিয়ে কাজ করো, আমি দেখবো।’

খুঁত খুঁতে স্বভাবের মানুষ ছিলেন। নাটকের খুঁটিনাটি ভুল-ত্রুটি আপনার চোখ এড়াতে না। মানসম্মত, বস্তুনিষ্ঠ, শিক্ষণীয়, সুন্দর বাকবাক্যে ফ্রেম ছিল আপনার পছন্দের। অন্ধকার ছিল আপনার অপছন্দের বিষয়। বলতেন, ‘কি দেখাচ্ছ সেটা যদি দর্শক নাই দেখতে পায় তাহলে সেই নাটক বানানোর মানে নেই।’

আঙ্কেল, আজ আপনার অপছন্দের সেই অন্ধকারের মাঝেই আপনি শায়িত।

অনেক কষ্ট হচ্ছে, একজন পিতৃতুল্য বটবৃক্ষকে আমরা হারালাম। হারালাম একজন শিক্ষক, পথপ্রদর্শককে।

প্রার্থনা করি, জান্নাতের সর্বোচ্চ স্থানে আপনার স্থান হোক। দেখা হবে আবার, নিশ্চয়ই।

লেখক: অভিনেত্রী ও প্রযোজক

করোনায় মারা গেলেন এনটিভির অনুষ্ঠান প্রধান মোস্তফা কামাল সৈয়দ

এই প্রথমবার উনি নাকে ঘষা দেননি!

স্বপ্নে এসে ঠিকই বলবেন, ‘লাগাম টানেন’

/এমএম/এমওএফ/

*** বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।

***বাংলা ট্রিবিউনে প্রকাশিত কোনও সংবাদ, কলাম, তথ্য, ছবি, কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার দণ্ডনীয় অপরাধ। অনুমতি ছাড়া ব্যবহার করলে কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা গ্রহণ করবে। (Unauthorized use of news, image, information, etc published by Bangla Tribune is punishable by copyright law. Appropriate legal steps will be taken by the management against any person or body that infringes those laws.)